

## ভ্যালেন্টাইন

ভালোবাসা মানে দিন ক্ষন নেই  
হঠাৎ চকিতে দেখা  
ভালোবেসে বেসে সুখে ও বিষাদে  
সবুজ আলোর রেখা--  
প্রেমদর্পণে আত্মস্বরূপ  
অবিরাম কথকতা  
মনোলোভ প্রেম গূঢ়, নিশ্চূপ  
অ-দেখা নতুন পাতা  
ভালোবাসা যেন দীপ্ত আবেগ  
স্বেচ্ছাপ্রণীত আইন  
কখনো সে নয় আনুষ্ঠানিক  
নিছক ভ্যালেন্টাইন!

ঋতম্ মুখোপাধ্যায়

